মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও গণসংযোগ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা, লিফলেট বিতরণ ও গণসংযোগ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

রবিবার (২৯ ডিসেম্বর) বিকেল ৩টায় সদর উপজেলার আমদাহ ইউনিয়নের বামনপাড়া থেকে শুরু হয় এই পথসভা, লিফলেট বিতরণ এবং গণসংযোগ। পর্যায়ক্রমে আমদাহ ও আশরাফপুর গ্রামেও গণসংযোগ পরিচালিত হয়।

এই কর্মসূচির নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। তার সঙ্গে ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মাদ।

নেতারা জানান, তারেক রহমান প্রদত্ত ৩১ দফার মূল লক্ষ্য হলো গণতন্ত্র পুনরুদ্ধার, সুশাসন প্রতিষ্ঠা, ও জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করা। এসব দফার গুরুত্ব তুলে ধরতে লিফলেট বিতরণ ও সরাসরি জনগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে প্রচারণা চালানো হচ্ছে।

এসময় জেলা বিএনপি’র সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান, আনসারুল হক, মীর ওমর ফারুক, ওমর ফারুক লিটন, সাবেক সহ-সাধারণ সম্পাদক এম এ কে খায়রুল বাশার, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা খাতুন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, সাবেক সদস্য আলমগীর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, বিএনপি নেতা জমিরুল ইসলামসহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ, স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণের সময় মেহেরপুর জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) বিকেলে দিকে মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে প্রবীণ বিএনপির নেতাদের সাথে এই সৌজন্য সাক্ষাৎ করেন।

সে সময় বিএনপির সাবেক নেতা আব্দুর রশিদ, তকবির হোসেন, আসাদুল, আজিম উদ্দিন, সাইফুল ইসলাম, নুরুলনবী বাবু উপস্থিত ছিলেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, মেহেরপুর জেলা যুবদলের সহ সভাপতি আনিসুর রহমান লাভলু, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের যুগ্ম আহবায়ক মশিউর আলম দিপু, বিএনপি’র নেতা নাহিদ আহমেদ, পৌরসভা ৬নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক জনি, পৌরসভার ২নং ওয়ার্ডের যুবদল নেতা ইমন বিশ্বাস সহ বিভিন্ন নেতাকর্মীরা।

মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে জেলা বিএনপি’র আয়োজনে পথসভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠানের নেতৃত্ব দেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা খাতুন, পিপি অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণ করে তাদের সমর্থন কামনা করেন।

কোটচাঁদপুর বিএনপি থেকে দুই নেতাকে অব্যহতি প্রদান

কোটচাঁদপুরে বিএনপি থেকে দুই নেতাকে অব্যহতি দিয়েছেন দলটি। তাদের বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গ,দলের নীতি, আদর্শ ও সংহতি পরিপন্থী অনৈতিক কার্যকলাপ সহ একাধিক অভিযোগ রয়েছে বলে জানা গেছে পৌর বিএনপির দপ্তর সম্পাদক স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে। মঙ্গলবার রাতে স্থানীয় প্রিজন ক্লাবের এক সভা থেকে ওই দুই জনকে অব্যহতি দেয়া হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানা যায়,কোটচাঁদপুরে বিএনপির থেকে দুই নেতাকে অব্যহতি দিয়েছেন দলটি। যার মধ্যে রয়েছেন কোটচাঁদপুর পৌর বিএনপির ২ নাম্বার ওয়ার্ডের প্রচার সম্পাদক আকরাম হোসেন ও পৌর শ্রমিক দলের যুগ্ম আহবায়ক মোমিনুর রহমান হীরা।

ওই দুই নেতার বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গ,দলের নীতি, আদর্শ ও সংহতি পরিপন্থী অনৈতিক কার্যকলাপ সহ একাধিক অভিযোগে রয়েছে। এরপেক্ষিতে মঙ্গলবার রাতে তাদের নিয়ে কোটচাঁদপুর প্রিজন ক্লাবে জরুরি সভা অনুষ্ঠিত হয়। ওই সভার সিদ্ধান্ত অনুযায়ী তাদেরকে দলের

প্রাথমিক সদস্য পদসহ সকল পর্যায়ের পদ থেকে অব্যাহতি দিয়েছেন দলটি। বিষয়টি নিশ্চিত করেছেন কোটচাঁদপুর পৌর বিএনপির দপ্তর সম্পাদক সোলাইমান হোসেন (দুলু)। তিনি বলেন,তাদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের অভিযোগ রয়েছে। এরপেক্ষিতে মঙ্গলবার রাতে জরুরি সভা অনুষ্ঠিত হয় প্রিজন ক্লাবে। ওই সভার সিদ্ধান্ত অনুযায়ী মোমিনুর রহমান হীরা ও আকরাম হোসেন-কে দলের প্রাথমিক সদস্য পদসহ সকল পর্যায়ের পদ থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

ওই সভায় কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল,সাধারণ সম্পাদক আবুল কাশেম সহ দলের একাধিক নেতা উপস্থিত ছিলেন বলে জানিয়েছেন ওই নেতা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল বলেন,ওই দুই নেতার বিরুদ্ধে আমাদের কাছে একাধিক অভিযোগ ছিল। এরপেক্ষিতে তাদেরকে দল অব্যহতি দেয়া হয়েছে। তবে সেটা জেলা বিএনপির নেতৃবৃন্দের নির্দেশক্রমে করা হয়েছে বলে নিশ্চিত করেছেন তিনি।

মেহেরপুরে শিক্ষকের নেতৃত্বে বিএনপি নেতার বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ

মেহেরপুরে পৌর বিএনপির সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মনিরুল ইসলাম মনার বাড়িতে দুই দফা হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এমপিও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান আহমদ আলী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক রিপনের নেতৃত্বে এ হামলার ঘটনা ঘটেছে বলে অভিযোগ মনিরুল ইসলাম মনার পরিবারের সদস্যদের। বিএনপির দলীয় কোন্দলের কারণেই এ হামলা বলে দাবি করেছেন মনার পিতা শফিকুল ইসলাম।

বুধবার (২৪ ডিসেম্বর) সন্ধ্যা ৭ টা ও রাত ৯ টার দিকে দুই দফায় মেহেরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড মূখার্জী পাড়ায় অবস্থিত পৌর বিএনপি নেতা মনার বাড়ীতে এই হামলার ঘটনা ঘটেছে।

সরজমিনে ঘটনাস্থলে গেলে ভীত সন্ত্রস্ত মনার মা ও স্ত্রী বলেন, ‘প্রথম দফায় সাত আট জন লোক এসে এটা বিএনপি নেতা মনার বাড়ি কি না জিজ্ঞাসা করে বাড়ির গেটে তালা লাগিয়ে দিতে যাই। এ সময় তারা মনার পিতা শফির সাথে ধাক্কাধাক্কি করে চলে গেছিলো। পরে রাত ৯ টার দিকে দ্বিতীয় দফা হামলার সময় অর্ধশতাধিক লোক এসে ভাঙচুর চালায়। এ সময় তারা দেশীয় অস্ত্রে সজ্জিত ছিল। এসেই তারা মনার মায়ের হাত থেকে মোবাইল কেড়ে নিয়ে মাটিতে ফেলে দেয়। হামলাকালে তারা স্বর্ণের চেইন ও নগদ ৫৫ হাজার টাকা ঘর থেকে নিয়ে গেছে। হামলাকারীদের অনেকেরই মুখ বাধা ছিল। তবে আমরা এডভোকেট কামরুল হাসানের ভাই আহমদ আলী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক রিপন
(৫০) কে চিনতে পেরেছি। অন্যদের মুখ বাধা ছিল বলে সকলের পরিচয় নিশ্চিত হতে পারিনি। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় আমরা লিখিত অভিযোগ দাখিল করেছি।’

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও নবগঠিত আহবায়ক কমিটির সদস্য মাসুদ অরুন বলেন, ‘আমি হামলাস্থল পরিদর্শন করেছি, থানায় অভিযোগ দেয়া হয়েছে। পাশাপাশি আদালতে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।’

এ বিষয়ে কথা বলতে মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলামের সাথে যোগাযোগের চেষ্টা করলে তার মোবাইল নম্বরটি বন্ধ পাওয়া যায়।

জেলা আহবায়ক কমিটির যুগ্ন আহবায়ক-৩ ফয়েজ আহমেদের মোবাইলে কল দিলে ফোন ধরেন তার স্ত্রী। এ সময় তিনি বলেন ফয়েজ আহমেদ ঘুমিয়ে পড়েছেন। গভীর রাতে ফোন দেয়াতে তিনি বিরক্তি প্রকাশ করেন।

ঘটনার সত্যতা নিশ্চিত হতে মেহেরপুর সদর থানায় গেলে কর্তব্যরত ডিউটি অফিসার এস আই মোমিন বলেন, ‘ঘটনাস্থলে আমাদের টিম গেছে, তারা এখনো ফিরে আসেনি। এছাড়াও এ ঘটনায় এখন পর্যন্ত কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি।’

মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দিন মুঠোফোনে বলেন, ‘আমাদের টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে, ভুক্তভোগী পরিবারকে লিখিত অভিযোগ দিতে পরামর্শ দিয়েছি। তবে এখন পর্যন্ত এ ঘটনায় লিখিত অভিযোগ আমাদের কাছে আসেনি। হয়তো রাতের কোন এক সময় ভুক্তভোগীরা লিখিত অভিযোগ জমা দিতে পারে।

মুজিবনগরে জেলা বিএনপি’র আনন্দ মিছিল ও গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদের নেতৃত্বে মুজিবনগরে একটি গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ থেকে এ আনন্দ মিছিল ও গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদকে শুভেচ্ছা জানান।

এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, ওমর ফারুক লিটন, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, পিপি আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দুর্নীতিমুক্ত নতুন বাংলাদেশ

গড়ার সংগ্রামে অটল বিএনপি – জাভেদ মাসুদ মিল্টন

অন্তর্বর্তীকালীন সরকার যদি সুষ্ঠু নির্বাচন আয়োজনের মাধ্যমে একটি নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে সক্ষম হয়, সেই সহযোগিতাই বিএনপি এই সরকারকে করছে। দীর্ঘদিনের জঞ্জালে আবদ্ধ রাষ্ট্রকে সঠিক পথে পরিচালনার জন্য যে পরিবেশ ও পরিস্থিতি প্রয়োজন, তা ৩-৪ মাসের মধ্যে তৈরি করা সম্ভব নয়।

আমরা দৃঢ় প্রতিজ্ঞ এবং বারবার বলে আসছি আমাদের লড়াই কেবল একটি সুষ্ঠু নির্বাচন নয় এটি দুর্নীতিমুক্ত একটি নতুন বাংলাদেশ গড়ার সংগ্রামের অংশ। আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের কমিটমেন্ট অত্যন্ত সুস্পষ্ট বাংলাদেশ হবে একটি নতুন বাংলাদেশ।

রবিবার (২২ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে মুখার্জি পাড়ায় জেলা বিএনপি কার্যালয়ে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সভাপতির বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন এ কথা বলেন।

তিনি আরো বলেন, মেহেরপুর জেলায় যে ৭ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে, তা অচিরেই দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও হাইকমান্ডের পরামর্শক্রমে পূর্ণাঙ্গ কমিটি হিসেবে প্রকাশ করা হবে। আমরা বিশ্বাস করি, এই কমিটি মেহেরপুরের রাজনৈতিক প্রেক্ষাপটকে আরও সুসংগঠিত ও কার্যকর করবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম এবং যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এসময় তারা বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং জেলার রাজনৈতিক পরিস্থিতি, বিএনপির সাংগঠনিক কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে মতামত তুলে ধরেন এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

সভায় পিপি আবু সালেহ মোহাম্মদ নাসিমসহ জেলা বিএনপির অন্যান্য নেতৃবৃন্দ এবং স্থানীয় গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহবায়ক কমিটিকে গাংনী ব্যবসায়ীদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা

মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহবায়ক শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন ও সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহবায়ক প্রভাসক ফয়েজ মোহাম্মদকে ফুলেল সংবর্ধনা দেওয়া হয়েছে।

গাংনী বাজারের সকল ব্যবসায়ী সংগঠণ, সাধারণ ব্যবসায়ী ও বিভিন্ন পেশাজীবী সংগঠণের পক্ষ থেকে এই সংবর্ধণা প্রদান করা হয়।

আজ শনিবার (২১ ডিসেম্বর) রাত ৮ টার দিকে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়ে এসে ব্যবসায়ীরা এই সংবর্ধনা প্রদান করেন। এসময় জাভেদ মাসুদ মিল্টনের পক্ষ থেকে ব্যবসায়ী নেতৃবৃন্দ ও সাধারণ ব্যবসায়ীদের মিষ্টি মুখ করানো হয়।

সংবর্ধণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহবায়ক শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন, সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ।

গাংনী বাজার কমিটির সাবেক সভাপতি মাহবুবুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু, সার ব্যবসায়ী এনামুল হোসেন, মোহাম্মদ জিনারুল ইসলাম, স্বর্ন ব্যবসায়ীর পক্ষে জাহিদুল ইসলাম, সালাহ উদ্দিন, রানা আহমেদ, বিনয় কুমার, বস্ত্র ব্যবসায়ীদের পক্ষে আক্তারুজ্জামান কাজল, রবিউল ইসলাম, রেজাউল হক, পরিবেশক সমিতির পক্ষে খোকন, হকার্স মার্কেটের পক্ষে এনামুল হক, আব্দুল বাকী, মার্কেট মালিক সমিতির পক্ষে দেলোয়ার হোসেন বাবু, ইলেক্ট্রনিক ব্যবসায়ীদের পক্ষে সাজু, হাজি সমিতির পক্ষে শফিউল ইসলাম তাদের ফুলের তোড়া তুলে দিয়ে অভিনন্দন জানান।

গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলার

সঞ্চালনায় অনুষ্ঠিত সংবর্ধণা অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি আব্দাল হক, গাংনী পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইনসারুল হক ইন্সু, মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, গাংনী উপজেলা যুবদলের সদস্য সচীব জাহিদুল ইসলাম, জেলা ছাত্রদলের সাধারণ সস্পাদক সাজেদুর রহমান বিপ্লবসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটি দেওয়ায় আনন্দ র্যালি

মেহেরপুর জেলা বিএনপির বর্তমান নির্বাহী কমিটি বিলুপ্ত করে জাভেদ মাসুদ মিল্টনকে আহবায়ক এবং অ্যাডভোকেট কামরুল ইসলামকে সদস্য সচিব করায় মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির আনন্দ র্যালি অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২১ ডিসেম্বর) সন্ধ্যার সময় মুখার্জি পাড়ায় মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির কার্যালয় থেকে একটি র্যালি বের করা হয়। র্যালি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক সহ-সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, পিপি আবু সালেহ মোহাম্মদ নাসিম, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল

ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানিসহ অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌর বিএনপির পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর পৌর বিএনপি।

আজ শনিবার (২১ ডিসেম্বর) বিকেল ৪ টার দিকে পৌর বিএনপির আয়োজনে পথসভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠানের নেতৃত্ব দেন জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় জাহাঙ্গীর বিশ্বাস বলেন, আমরা ত্যাগী ও পরীক্ষিত নেতাদের নিয়ে আগামী দিনের তারেক রহমানের স্বপ্নের বিএনপি গড়ে তুলব। আমরা ঐক্যবদ্ধ থাকব এবং ঐক্যের শক্তি দিয়ে স্বৈরাচারী ও দুর্নীতিগ্রস্ত শেখ হাসিনার শাসনের পতন ঘটিয়েছি। ভবিষ্যতেও সকল অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ থেকে জনগণের কল্যাণে কাজ করব। ত্যাগী নেতাকর্মীদের নেতৃত্বে আমরা দেশ গঠনে এগিয়ে যাব।

সুবিধাবাদী, ধান্দাবাজ ও দালালদের দিয়ে দেশের প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। যারা দেশের জন্য, জনগণের জন্য ত্যাগ স্বীকার করেছেন, তারাই আগামী দিনের তারেক রহমানের স্বপ্নের বিএনপি গড়ে তুলবেন। আমাদের লক্ষ্য একটাই ত্যাগী নেতাকর্মীদের নেতৃত্বে একটি সুশাসিত ও উন্নত বাংলাদেশ গড়ে তোলা।

এছাড়াও এসময় সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন,
পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ সেন্টু, সিনিয়র সহ-সভাপতি মনিরুল ইসলাম মনি, হাজী ফজলু খান, হাবিব ইকবাল, যুগ্ম সম্পাদক আবু ইউসুফ মিরণ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব

সোনা, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কর্মসূচির অংশ হিসেবে শহরের প্রধান প্রধান সড়কে পথসভা ও লিফলেট বিতরণ করেন তারা।